দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 NOV 1992 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

131

# শিক্ষাঙ্গন ও কারখানায় অস্ত্র যোগায় কাহারা

**—আসম রব**

নারায়ণগঞ্জ সংবাদদাতা ।। জাসদ (রব) নেতা আ স ম আবদুর রব বলিয়াছেন, বিশেষ ক্ষমতা আইন করিয়া আওয়ামী নেতারা ধ্বংস হইয়াছেন। এখন সন্ত্রাস দমন আইন করিয়া ক্ষমতাসীন দল কোথায় যায় জাতি উহা দেখিবে। গতকাল শুক্রবার আলী আহমদ চুনকা মিলনায়তনে আয়োজিত নারায়ণগঞ্জ জেলা জাসদের দ্বি-বার্ষিক কর্মী সম্মেলনে প্রধান অতিথির ভাষণে তিনি প্রশ্ন করেন, শিক্ষা প্রতিষ্ঠান এবং আদমজীসহ দেশের কলকারখানায় অহরহ সন্ত্রাসী ঘটনায় অস্ত্র যোগায় কাহারা? তিনি বলেন, গোলাম আজমের বিচারের জন্য অর্ডিন্যান্স না করিয়া সরকার দেশকে গৃহযুদ্ধের দিকে ঠেলিয়া দিতে চাহিতেছেন। তিনি ২০ বছর পর ঘাতক নির্মূল কমিটি করার বিষয়েও প্রশ্ন তোলেন।

জেলা জাসদের সভাপতি আব্দুস সাত্তারের সভাপতিত্বে সম্মেলনে নুরে আলম জিকু, অধ্যাপক হুমায়ুন কবীর, মোহর আলী চৌধুরী ও অ্যাডভোকেট নুরুল কবীর প্রমুখ বক্তৃতা করেন। সম্মেলনে আবদুস সাত্তারকে সভাপতি ও মোহর আলী চৌধুরীকে সাধারণ সম্পাদক করিয়া জেলা জাসদের ৩১ সদস্যের এক কমিটি গঠন করা হয়।